

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ডিই-৮ অধিশাখা
শেরেবাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

নম্বর: ০৯.০০.০০০০.২২৫.৩১.০০৬.২০১৭-০৩

তারিখ: ২০ পৌষ ১৪২৪
০৩ জানুয়ারি ২০১৮

অফিস আদেশ

বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তী প্রভাব মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের কাজে ব্যবহারের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে সংশ্লিষ্ট বিষয়ের ওপর একটি সমন্বিত ধারণাপত্র প্রস্তুতকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে 'এলডিসি উত্তরণে ধারণাপত্র প্রণয়ন কমিটি' গঠন করা হলো:

- | | | | |
|------|---|---|------------|
| (১) | অতিরিক্ত সচিব (অনুবিভাগ প্রধান), ফাভা ও আইসিটি, অনুবিভাগ-৯ | - | সভাপতি |
| (২) | যুগ্ম-সচিব, আমেরিকা ও জাপান, অনুবিভাগ-১ | - | সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব, বিশ্বব্যাংক, অনুবিভাগ-২ | - | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব, প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অনুবিভাগ-৩ | - | সদস্য |
| (৫) | যুগ্ম-সচিব, জাতিসংঘ, অনুবিভাগ-৪ | - | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব, এশিয় উন্নয়ন ব্যাংক, অনুবিভাগ-৫ | - | সদস্য |
| (৭) | যুগ্ম-সচিব, সমন্বয়, নরডিক, ইফাদ ও ডব্লিউএফপি, অনুবিভাগ-৬ | - | সদস্য |
| (৮) | যুগ্ম-সচিব, ইউরোপ, অনুবিভাগ-৭ | - | সদস্য |
| (৯) | যুগ্ম-সচিব, এশিয়া, জেইসি ও এফ এন্ড এফ, অনুবিভাগ-৮ | - | সদস্য |
| (১০) | অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, ডেভেলপমেন্ট ইফেকটিভনেস, অনুবিভাগ-১০ | - | সদস্য |
| (১১) | যুগ্ম-সচিব, ফাভা ও আইসিটি, অনুবিভাগ-৯ | - | সদস্য-সচিব |

২। ধারণাপত্র প্রণয়ন কমিটি-এর কার্যপরিধি:

- (ক) বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তীতে বৈদেশিক ঋণ/অনুদান/কারিগরি সহায়তা/প্রশিক্ষণ/অন্যান্য ক্ষেত্রে সম্ভাব্য সমস্যা ও সম্ভাবনা (Challenges and Opportunities) নিরূপণ; এবং
- (খ) এলডিসি স্ট্যাটাস উত্তরণ সংক্রান্ত প্রভাব মূল্যায়নের কাজে ব্যবহারের জন্য প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সম্বলিত একটি সমন্বিত ও স্বয়ংসম্পূর্ণ ধারণাপত্র আগামী ২৫ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সমীপে উপস্থাপন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মুসরাত মেহু জাবীন)

উপসচিব

ফোনঃ ৯১১৯৭২২

ই-মেইলঃ mmjmalik@gmail.com

বিতরণ:

- ১। অতিরিক্ত সচিব (অনুবিভাগ প্রধান), ফাভা ও আইসিটি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। অনুবিভাগ প্রধান (আমেরিকা ও জাপান/বিশ্বব্যাংক/প্রশাসন ও মধ্যপ্রাচ্য/ জাতিসংঘ/এশিয়া উন্নয়ন ব্যাংক/সমন্বয়, নরডিক, ইফাদ ও ডব্লিউএফপি/ ইউরোপ/এশিয়া, জেইসি ও এফ এন্ড এফ/ডেভেলপমেন্ট ইফেকটিভনেস), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (ডিই অনুবিভাগ প্রধান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (ডিই-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (অফিস আদেশটি ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।